## জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির একবিংশ/২১তম সভার কার্যবিবরণী

গত ২২-১২-৯০ইং (৭ই পৌষ, ১৩৯৭ বাং) রোজ রবিবার বিকাল ২.৩০ মিনিটে এবং ৩১-১২-৯০ইং (১৬ই পৌষ, ১৩৯৭ বাং) রোজ মঙ্গলবার বিকাল ২.০০ ঘটিকায় ডঃ এস,ইউ,চৌধুরী, নির্বাহী সহ-সভাপতি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এবং সভাপতি, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর সভাপতিত্বে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলে নির্বাহী সহ-সভাপতির অফিস কক্ষে জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ২১তম সভা অনুষ্ঠিত হয়। সভায় কারিগরি কামিটির সদস্যগণ এবং সংশ্লিষ্ট প্রজননবিদ/প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন (তালিকা সংযুক্ত)। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্ন লিখিত বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য বিষয়-১ ঃ কারিগরি কমিটির ২০তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

বীজ অনুমোদন সংস্থার ১৭-৭-৯০ইং তারিখের জাঃবীঃ বোঃ- ২/সি-৮/৮২ (অংশ)/ ৮৬৩ (১২) সংখ্যক স্মারক পত্রে জাতীয় বীজ বোর্ডের কারিগরি কামিটির ২০তম সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল সদস্য এবং বিভিন্ন গবেষনা ইনস্টিটিউটের প্রধানদের নিকট বিতরণ করা হয়েছে। কার্যবিবরণী বিতরণের পর আজ পর্যন্ত এ বিষয়ে কোন আপত্তি আসেনি। আলোচ্য সভাতে উক্ত কার্যবিবরণীর উপর আলোচনা করা হয়। আলোচনা শেষে ২০তম সভার কার্যবিবরণি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

**সিদ্ধান্ত ঃ** জাতীয় বীজ বোর্ডের ২০তম সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়।

**আলোচ্য বিষয়-২ ঃ জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ২০তম সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন।**

উক্ত সভায় বিগত ৩০-৬-৯০ইং তারিখে অনুষ্ঠিত কমিটির ২০তম সভায় গৃহীত বিভিন্ন সিদ্ধান্তসমূহ বাস্তাবায়নের বিষয়ে আলোচনা হয়। আলোচনায় জানা যায় যে, বিগত সভায় গৃহীত বিভিন্ন সুপারিশসমূহ যথারীতি সংশ্লিষ্ট প্রজননবিদকে জানানো হয় ও জাতীয় বীজ বোর্ডের ২৬তম সভায় পেশ করা হয় এবং সভার সিদ্ধান্তসমূহ সংশ্লিষ্ট সকলকে অবগত করানো হয়। কারিগরি কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নে উপস্থিত সদস্যগণ সন্তোষ প্রকাশ করেন।

**আলোচ্য বিষয়-৩ ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত তুলার দু'টি জাত-'মুক্তা' ও 'প্রভা' এর অনুমোদন।**

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত তুলার জাত মুক্তা এর অনুমোদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় অংশগ্রহণ করেন বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের প্রধান ব্যবস্থাপক (বীজ) জনাব এম এ মোকিত, ডঃ মোহাম্মদ হোসেন মন্ডল, মহা-পরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এবং সভাপতি, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড। বিস্তারিত আলোচনা এবং গবেষণামুলক বিভিন্ন তথ্যাদি পরীক্ষা-নীরিক্ষার পর জাতটি চাষী পর্যায়ে চাষাবাদের নিমিত্তে অনুমোদনের জন্য মতামত ব্যক্ত করেন। ধানেরও একটি জাত মুক্তা নামে অভিহিত আছে বিধায় তুলার এ জাতটির নাম মুক্তা এর পরিবর্তে 'আভা' রাখার জন্য একমত পোষণ করেন। অতঃপর বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত তুলার জাত প্রভা এর অনুমোদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। জাতটির বিভিন্ন তারিখে বপনকৃত ফলনের তারতম্য, রোগের প্রাদুর্ভাব বিভিন্ন হারে সার প্রয়োগে ফলনের তারতম্যের উপর আরো প্রয়োজনীয় উপাত্ত নাই বিধায় এর উপর আরো উন্নয়নমুলক গবেষণার প্রয়োজন আছে বলে সভা মত ব্যক্ত করেন।

**সিদ্ধান্ত ঃ** তুলার জাত 'আভা' চাষী পর্যায়ে চাষাবাদের অনুমোদনের বিষয়ে জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ পেশ করা হয়।

**আলোচ্য বিষয়-৪ ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত ভুট্টার জাত মহর এর অনুমোদন।**

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত ভুট্টার জাত মহর এর অনুমোদনের বিষয়ে সভায় উপস্থাপন করা হলে এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় অংশগ্রহন করেন ডঃ মোহাম্মদ হোসেন মন্ডল, মহা-পরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জনাব এম এ মোকিত, প্রধান ব্যবস্থাপক (বীজ), বিএডিসি সংশ্লিষ্ট প্রজননবিদ ডঃ হেলালুর ইসলাম এবং কারিগরি কমিটির সভাপতি, ডঃ এস ইউ চৌধুরী। বর্তমানে মাঠ পর্যায়ে চাষের অনুমোদিত জাত 'বর্ণালী' থেকে প্রস্তাবিত জাতটির দানা এবং ফলন অনেক বেশী বিধায় আলোচনা শেষে জাতটির অনুমোদনের বিষয়ে সদস্যগণ মতামত ব্যক্ত করেন।

**সিদ্ধান্ত ঃ** ভুট্টার জাত মহর চাষী পর্যায়ে চাষাবাদের অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ করা হয়।

**আলোচ্য বিষয়-৫ ঃ বাংলাদেশ আণবিক কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত সরিষার দু'টি জাত 'সফল' ও 'বিরল' সরিষার অনুমোদন।**

বাংলাদেশ আণবিক কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত সরিষার জাত 'সফল' এর অনুমোদনের বিষয়ে পেশ করা হলে এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। কারিগরি কমিটির সভাপতি, পরিচালক, বিনা এবং পরিচালক (গবেষণা), বিজেআরআই, আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচনা শেষে জাতটির অনুমোদনের বিষয়ে সকল সদস্যবৃন্দ মতামত প্রদান করেন। বাংলাদেশ আণবিক কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত সরিষার অপর একটি জাত 'বিরল' এর অনুমোদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় অংশগ্রহণ করেন সভার সভাপতি, ডঃ এম এ জলিল, পরিচালক, বিনা, প্রধান ব্যবস্থাপক (বীজ) জনাব এম এ মোকিত এবং উপস্থিত অন্যান্য সদস্যগণ, আলোচনা শেষে জাতটির অনুমোদনের বিষয়ে সবাই একমত প্রকাশ করেন।

**সিদ্ধান্ত ঃ** সরিষার জাত সফল ও বিরল চাষী পর্যায়ে চাষের অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ করা হয়।

**আলোচ্য বিষয়-৬ ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত মুগুরের একটি জাত উৎফলা (এল-৫) এর অনুমোদন।**

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত মুগুরের জাত উৎফলা (এল-৫) এর অনুমোদনের বিষয়ে উপস্থাপন করা হলে বিস্তারিত আলোচনায় অংশনেন সভাপতি মহোদয় ডঃ মোহাম্মদ হোসেন মন্ডল, মহা-পরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, ডঃ এ কে এম ফজলুল কবির, পরিচালক (কৃষি), বিজেআরআই এবং এম এ মোকিত, প্রধান ব্যবস্থাপক (বীজ), বিএডিসি। সার্বিক বিষয়াদি বিবেচনা শেষে এ জাতটি অনুমোদনের বিষয়ে সকল সদস্যগণ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত ঃ** মুগুরের জাত উৎফলা (এল-৫) এর চাষী পর্যায়ে চাষাবাদের অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশ করা হয়।

**আলোচ্য বিষয়-৭ ঃ জাতীয় বীজ বোর্ডের ২৩তম সভায় অনুমোদিত চীনাবাদামের একটি জাত ডিএম-১ এর শ্রুতিমধুর নাম নির্বাচন প্রসংগে।**

এ প্রসংগে সভায় আলোচনা হলে সংশ্লিষ্ট প্রজননবিদ কর্তৃক দেয়া ১০টি নামের মধ্যে 'ত্রিফলা' নামটি নির্বাচন করা হয়, যাহা জাতীয় বীজ বোর্ডের পরবর্তী সভায় অনুমোদনের জন্য পেশ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা মুলতবী ঘোষণা করেন।

| | |
|---|---|
| স্বাক্ষর | স্বাক্ষর |
| (ডঃ কাজী মুসলিহুদ্দীন আহাম্মদ) | (ডঃ এস ইউ চৌধুরী) |
| প্রধান বীজ প্রত্যয়ন কর্মকর্তা | নির্বাহী সহ-সভাপতি |
| বীজ অনুমোদন সংস্থা | বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল |
| এবং | এবং |
| সদস্য-সচিব | সভাপতি |
| কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড | কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড। |

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ঢাকায় ২২-১২-৯০ইং তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ২১তম সভায় উপস্থিত সদস্য ও প্রজননবিদদের তালিকা ।

| ক্রমিক নং | নাম | পদবী ও প্রতিষ্ঠান |
|---|---|---|
| ১। | জনাব নুর মোহাম্মদ মিয়া | মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা<br>বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট। |
| ২। | জনাব মোঃ আঃ সাত্তার | অতিরিক্ত পরিচালক, সরেজমিন উইং,<br>কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। |
| ৩। | জনাব এ.জে. মিয়া | পরিচালক, বিনা, ময়মনসিংহ। |
| ৪। | জনাব আতাউর রহমান | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বিনা, ময়মনসিংহ |
| ৫। | জনাব মোঃ আশরাফুল ইসলাম | মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট। |
| ৬। | জনাব মোঃ রওশন আলী | উর্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট। |
| ৭। | জনাবা উষা রাণী চৌধুরী | উর্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা (ভুট্টা),<br>বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট। |
| ৮। | জনাব চন্দ্র শেখর সাহা | মূখ্য বিজ্ঞানিক কর্মকর্তা<br>বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট। |
| ৯। | জনাব সৈয়দ আলী হোসেন | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (ভুট্টা),<br>বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট। |
| ১০। | ডঃ মোঃ হেলালুল ইসলাম | মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা<br>বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট। |
| ১১। | জনাব এম.এ মোকিত | প্রধান ব্যবস্থাপক (বীজ), বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশন |
| ১২। | জনাব আব্দুল আহাদ মিয়া | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএআরআই। |
| ১৩। | ডঃ এ.কে.এম. ফজলুল কবির | পরিচালক (কৃষি), বিজেআরআই। |
| ১৪। | ডঃ কাজী মুসলিহুদ্দীন আহাম্মদ | প্রধান বীজ প্রত্যয়ন কর্মকর্তা<br>বীজ অনুমোদন সংস্থা। |
| ১৫। | জনাব মোহাম্মদ হোসেন মন্ডল | মহা-পরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউট। |